দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JUN 2010 ...
পৃষ্ঠা ৯ ৬... কলাম ..৫.. ......

# দাউদকান্দিতে স্কুলের পাশে আবর্জনার স্তূপ শিক্ষার্থীদের স্বাস্থ্যহানি

■ দাউদকান্দি (কুমিল্লা) সংবাদদাতা

দাউদকান্দি উপজেলার গৌরীপুর সুবল-আফতাব উচ্চবিদ্যালয়ের পাশে গৌরীপুর বাজারের ময়লা-আবর্জনা ফেলে নোংরা পরিবেশ সৃষ্টি করায় ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যহানি ঘটছে। গৌরীপুর সুবল-আফতাব উচ্চবিদ্যালয় এবং তৎসংলগ্ন প্রাথমিক বিদ্যালয়টিতে প্রায় চার হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। বিদ্যালয়ের পাশে বাজার ও আবাসিক ঘর-বাড়ির ময়লা-আবর্জনা ফেলে দুর্গন্ধময় দুঃসহ পরিবেশ সৃষ্টি করায় ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবক এবং সাধারণ মানুষ এখানে এসে নাকে রুমাল বা কাপড় চেপে চলাচল করতে বাধ্য হয়।

গৌরীপুর সুবল-আফতাব উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সেলিম এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলাম বলেন 'বাজার কমিটির সাধারণ সম্পাদক ওমর আলীকে বারবার অনুরোধ করার পরও এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হয়নি।'